

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৯২

মোহনপুর, ২ নভেম্বর, ২০২৪

১৫-১৭ নভেম্বর ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা

আগামী ১৫-১৭ নভেম্বর রাসপূর্ণিমা উপলক্ষে ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা অনুষ্ঠিত হবে। আজ ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী, টিটিএএডিসি'র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনীতা দেবনাথ, জিলা পরিষদের সদস্য জয়লাল দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক সব্যসাচী দেবনাথ, পশ্চিম ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহকারি অধিকর্তা অমৃত দেববর্মা, মোহনপুর রকের বিডিও ধৃতিশেখর রায় প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়াও মেলা উপলক্ষে বিভিন্ন দপ্তর ও স্বসহায়ক দলের প্রদর্শনী মন্ডপ খোলা হবে। মেলায় দোকান খোলার জন্য আগামী ৯ থেকে ১২ নভেম্বর নাম নথীভুক্ত করতে হবে। আগামী ১৩ নভেম্বর লটারির মাধ্যমে দোকান ভিটি বন্টন করা হবে। সভায় ব্রহ্মকুন্ড মেলাকে সফল করে তোলার জন্য একটি পরিচালন কমিটি গঠন করা হয়েছে। সভায় জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী ব্রহ্মকুন্ড মেলা সফল করে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

\*\*\*\*\*